The Bangladesh Monitor - A Premier Travel Publication

# ইউএইর পর্যটন খাতে ৭০১০ কোটি ডলার আয়

- A Monitor Desk Report

Date: 29 September, 2025



**ঢাকাঃ সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) পর্যটন খাত গত বছর (২০২৪) অর্থনীতিতে ২৫ হাজার ৭৩০ কোটি আমিরাতি দিরহাম বা ৭ হাজার ১০ কোটি ডলার অবদান রেখেছে।**

অর্থের এ আকার দেশটির জিডিপির ১৩ শতাংশের সমতুল্য। ওই সময় ২০২৩ সালের তুলনায় খাতটিতে আয় বেড়েছে ৩ দশমিক ২ এবং মহামারী-পূর্ববর্তী ২০১৯ সালের তুলনায় ২৬ শতাংশ।

সম্প্রতি বিশ্ব পর্যটন দিবসকে সামনে রেখে আর্থিক এ পরিসংখ্যান তুলে ধরেছেন আরব আমিরাতের অর্থ ও পর্যটনমন্ত্রী এবং এমিরেটস ট্যুরিজম কাউন্সিলের চেয়ারম্যান অব্দুল্লাহ বিন তৌক আল মারি।

এ প্রবৃদ্ধিতে ‘ইউএই ট্যুরিজম স্ট্র্যাটেজি ২০৩১’ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে বলে উল্লেখ করেন তিনি।

প্রতিবেদনে বলা হচ্ছে, আন্তর্জাতিক পর্যটক ব্যয় অনুযায়ী বিশ্বের শীর্ষ ৭টি গন্তব্যের মধ্যে অন্যতম স্থান করে নিয়েছে ইউএই। আকাশ পরিবহন প্রতিযোগিতার সূচক বিশেষ করে ‘কোয়ালিটি অব এয়ার ট্রান্সপোর্ট ইনফ্রাস্টাকচার’ সূচকে নেতৃত্বস্থানীয় অবস্থান অর্জন করেছে।

গত বছর ইউএইতে আন্তর্জাতিক পর্যটক ব্যয় ২১ হাজার ৭৩০ কোটি আমিরাতি দিরহাম বা ৫ হাজার ৯২০ কোটি ডলারে পৌঁছেছে। ব্যয়ের এ আকার ২০২৩ সালের তুলনায় ৫ দশমিক ৮ এবং ২০১৯ সালের তুলনায় ৩০ দশমিক ৪ শতাংশ বেশি।

অন্যদিকে স্থানীয় পর্যটকরা ২০২৪ সালে ব্যয় করেছেন ১ হাজার ৫৭০ কোটি ডলার। খরচের এ আকার বছর ভিত্তিতে ২ দশমিক ৪ এবং ২০১৯ সালের তুলনায় ৪১ শতাংশ বেশি।

-B